

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭০০ ০০৭

ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সার্কুলার- ৫/২০২৩

তারিখ ২৪-০৫-২০২৩

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি


-----কলেজ/বিশ্ববিদ্যালয়

সাথী,

পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তর গত ২০ মে ২০২৩ তারিখে এক মেমোরেন্ডাম মারফত ডি এ আন্দোলনকারী সংগঠনের ঘোষিত 'পেন ডাউন' কর্মসূচিকে প্রতিহত করতে বিশেষ কয়েকটি ক্ষেত্র ছাড়া সব রকমের ছুটি বাতিল করে এবং ওই মেমোরেন্ডাম বিকাশ ভবন থেকে বিভিন্ন কলেজের অধ্যক্ষদের এবং রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলির রেজিস্টারকে পাঠানো হয়। রাজ্যের সমস্ত কলেজের অধ্যক্ষরা সেই মেমোরেন্ডাম পত্রপাঠ নিজ নিজ কলেজের হোয়াটস অ্যাপ গ্রুপে পোস্ট করেন। কিছু কিছু অত্যুৎসাহী অধ্যক্ষ ওই মেমোরেন্ডামের সাথে শিক্ষকদের প্রতিদিন কলেজে এসে হাজিরা দিতে নির্দেশ দেন। প্রসঙ্গত উল্লেখ্য, এই সময় রাজ্যের কলেজগুলোতে গ্রীষ্মাবকাশ (Recess) চলছে। যদিও সদস্যবন্ধুরা এই সময়ে ছাত্রছাত্রীদের পাঠক্রম শেষ করার তাগিদে টিউটোরিয়াল ক্লাস, আভ্যন্তরীণ মূল্যায়ন সহ নানাবিধ প্রশাসনিক কাজে প্রায়ই শিক্ষাপ্রতিষ্ঠানে যাচ্ছেন। উদ্ভূত এই পরিস্থিতিতে রাজ্যব্যাপি শিক্ষকদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়। এমতাবস্থায় অধ্যাপক সমিতির নেতৃত্ব ডি পি আই মহোদয়ার সাথে আজ দেখা করেন। অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ আলোচনায় ডি পি আই জানান যে, এই বিষয়ে তাঁরা কোনো নির্দেশ দেন নি, বা কোনো নোটিশও দেন নি, নবান্নর নির্দেশ সারকুলেট করেছে মাত্র। সুতরাং বন্ধু, আশা করি এই বিষয়ে যাবতীয় বিতর্ক এবার বন্ধ হবে।

প্রত্যেক ইউনিটের কনভেনার বন্ধুকে অনুরোধ আপনারা নিজের কলেজের সদস্যপদ নবীকরণের (২০২১-২২) কাজ অত্যন্ত দ্রুততার সাথে শেষ করুন। সকল জেলা সম্পাদক বন্ধুকে অনুরোধ আপনারা নিজের জেলা কমিটি গঠনের কাজও দ্রুততার সাথে শেষ করুন। সদস্যবন্ধুদের ঐকান্তিক সহযোগিতায় আশাকরি আমরা সকল প্রতিবন্ধকতা অতিক্রম করে এগিয়ে যেতে সক্ষম হব।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪